

নং- ২৬.০৬.০০০০.০০১.০৫.০০১.১৬/ ৫৫

তারিখঃ ১৪শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

দাপ্তরিক কাজের সুবিধার্থে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/কোম্পানির দাখিলকৃত বন্ধকের বিবরণী সমূহ নিম্নবর্ণিত কর্মপদ্ধতি প্রনয়ন করা হলঃ

(ক) ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কোম্পানি কর্তৃক বন্ধকের বিবরণী এর প্রদত্ত ক্ষমতাপত্র সহ এই দপ্তরে দাখিল করবেন।

(খ) দাখিলকৃত প্রতিষ্ঠানের বন্ধকের বিবরণী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রম পরীক্ষার জন্য এই দপ্তরের আদেশ অনুযায়ী নির্ধারিত কর্মকর্তা পরীক্ষা/নিরীক্ষা করবেন। পরীক্ষান্তে সকল বিষয় যথাযথ পাওয়া গেলে এবং বন্ধক বিবরণী নিবন্ধনের যোগ্য হলে তিনি তা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জন্য নির্দিষ্টকৃত পরবর্তী উর্ধ্বতন কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন।


(গ) সংশ্লিষ্ট কর্মকর্তা বন্ধকের বিবরণী পরীক্ষা/নিরীক্ষাপূর্বক মতামতসহ অনুমোদনকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করবেন। অনুমোদনকারী কর্মকর্তা বিবরণীটি নিবন্ধনের যোগ্য বিবেচনা করলে তা অনুমোদন করবেন।

(ঘ) প্রস্তাবকারী কর্মকর্তা অনুমোদন পাবার পর সরকার কর্তৃক মুদ্রিত নিবন্ধন প্রদানে সংশ্লিষ্ট তথ্য সমূহ কর্মকর্তা প্রিন্ট করবেন। প্রিন্টকৃত নিবন্ধন সনদের নির্দিষ্ট স্থানে প্রস্তাবকারী কর্মকর্তা স্বাক্ষর করবেন। নিবন্ধন সনদে স্বাক্ষর প্রদানের জন্য প্রস্তাবকারী কর্মকর্তা অনুমোদনকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।

(ঙ) অনুমোদনকারী কর্তৃপক্ষ Online এ প্রিন্টকৃত নিবন্ধন সনদের নির্ধারিত স্থানে স্বাক্ষর প্রদান করবেন এবং সনদটি বিতরণের জন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানের ক্ষমতাপত্রসহ ইস্যু শাখায় প্রেরণ করবেন।

(চ) ইস্যু শাখা ক্ষমতা অর্পণ পত্রের উপর এবং ইস্যু রেজিস্টারে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষর গ্রহণ পূর্বক নিবন্ধন সনদটি বিতরণ করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মোঃ আতিকুর রহমান খান)
নিবন্ধক

বিতরণঃ

- ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারী।
- ২। নোটিশ বোর্ড।
- ৩। ওয়েব সাইট।

